

[২০-১০২]

রপ্তানি উন্নয়ন ব্যুরো

টিসিব ভবন, ১, কাওরান বাজার
ঢাকা।

বিষয়ঃ নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি	: এ. এইচ. এম. আহসান ভাইস-চেয়ারম্যান, রউবু
তারিখ	: ১৫ মার্চ ২০২১
সময় ও বার	: সোমবার, সকাল ১১.০০ টা
স্থান	: বোর্ড রুম, রপ্তানি উন্নয়ন, ঢাকা
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা	: পরিশিষ্ট-“ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ব্যুরোর শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়ন, নৈতিকতা কমিটির সভা, প্রশিক্ষণ ইত্যাদি নিয়মিত আয়োজনের মাধ্যমে রপ্তানি উন্নয়ন ব্যুরোর সার্বিক কর্মকান্ড ও ব্যবস্থাপনায় শুদ্ধাচারের চর্চা করতে হবে। প্রতি তিন মাস পর পর নৈতিকতা কমিটির সভা করার বাধ্যবাধকতা রয়েছে। অতঃপর সভায় আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	ব্যুরোর সিটিজেন চার্টার: ব্যুরোর একটি সিটিজেন চার্টার রয়েছে, যা প্রণয়নের পরে হালনাগাদ করার কার্যক্রম চলমান রয়েছে। এটি হাল নাগাদ করে সেবাগ্রহিতা তথ্য সকলের উদ্দেশ্য প্রকাশ করা প্রয়োজন।	আগামী ৩১ মার্চ ২০২১ এর মধ্যে ব্যুরোর সিটিজেন চার্টার হালনাগাদকরণ এবং তা ব্যুরোর দপ্তরের কয়েকটি স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।	প্রশাসন বিভাগ
০২.	প্রশিক্ষণ আয়োজন: কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত ও সুশাসন সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন।	এনআইএস এর ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের পর প্রশিক্ষণের অসম্পন্ন অংশ (জনঘণ্টা) আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন বিভাগ
০৩.	শুদ্ধাচার পুরস্কার প্রদান: এনআইএস কর্মপরিকল্পনা মোতাবেক প্রত্যেক অর্থবছরের শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করার বাধ্যবাধকতা রয়েছে।	ব্যুরোর একজন কর্মকর্তা ও একজন কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করার জন্য নির্ধারিত কমিটি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।	শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৪.	কর্ম-পরিবেশ উন্নয়ন: বর্তমান কোভিড-১৯ মহামারি পরিস্থিতিতে ব্যুরোর কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) প্রয়োজন।	ব্যুরোর কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মহামারী ভাইরাস থেকে সুরক্ষার জন্য প্রত্যেক রুমে রুমে জীবাণুনাশক স্প্রে দেওয়ার ব্যবস্থা করতে হবে।	প্রশাসন বিভাগ
০৫.	ফিডব্যাক প্রদান: আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ত্রৈমাসিক ভিত্তিতে ফিডব্যাক প্রদান করার বাধ্যবাধকতা রয়েছে।	আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ত্রৈমাসিক ভিত্তিতে ফিডব্যাক প্রদানের জন্য সভা আহ্বান করতে হবে।	প্রশাসন বিভাগ

০২। অতঃপর সভায় আলোচনার জন্য আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ২৪/০৩/২০২০
 (এ. এইচ. এম. আহসান)
 ভাইস-চেয়ারম্যান
 রপ্তানি উন্নয়ন ব্যুরো

অনুলিপি (জ্ঞাতার্থে):

- ০১। মহাপরিচালক-১/২, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ০২। উপসচিব (বাজেট), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ০৪। পরিচালক (সকল), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ০৫। উপ-পরিচালক (সকল), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।

